

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
অধিশাখা ১৬ (কারিগরি-২)  
[www.moedu.gov.bd](http://www.moedu.gov.bd)

৩৭.০০.০০০০.০৭৬.১২.০০৩.১২(অংশ-২)-১৪৪

তারিখ : ০৮ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ  
২২ মে, ২০১৬ খ্রিষ্টাব্দ

বিষয় : জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি-২০১১ এর আলোকে NTVQF বাস্তবায়ন প্রসঙ্গে।

জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি-২০১১ এর আলোকে জাতীয় কারিগরি ও বৃত্তিমূলক যোগ্যতা কাঠামো (National Technical and Vocational Qualification Framework-NTVQF) এবং পূর্ব অভিজ্ঞতা স্বীকৃতি (Recognition of Prior Learning-RPL) চালুকরণ সরকারের একটি প্রাধিকার ম্যান্ডেট। এ কার্যক্রম বাস্তবায়নে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের দায়িত্ব অপরিহার্য। তবে জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি-২০১১ অনুমোদনের পর ০৫ (পাঁচ) বছর অতিক্রান্ত হলেও এ বিষয়ে দৃশ্যমান কোন অগ্রগতি পরিলক্ষিত হয়নি। প্রসঙ্গত বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের কার্যকর পরিকল্পনা, লোকবল নিয়োগ কিংবা আন্তরিক উদ্যোগের অভাবে মাঠ পর্যায়ে NTVQF চালুকরণ কিংবা RPL বাস্তবায়নের ক্ষেত্রে আজও ইম্পিত গতিশীলতা সৃষ্টি হয়নি। ফলশ্রুতিতে NTVQF বা RPL বাস্তবায়নে সরকারের প্রত্যাশা পূরণ হয়নি।

২.০ এ পর্যায়ে গত ২৬-২৭ এপ্রিল, ২০১৬ তারিখে কারিগরি শিক্ষা অধিদপ্তরে পলিটেকনিক ইনস্টিটিউট ও টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজসমূহের অধ্যক্ষ সমন্বয়ে অনুষ্ঠিত দুদিনব্যাপী কর্মঅধিবেশনে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

২.১ কারিগরি শিক্ষা ক্ষেত্রে ২০২০ সাল নাগাদ ২০% এনরোলমেন্ট অর্জনের লক্ষে ২০১৬-১৭ শিক্ষাবর্ষে নতুন টেকনোলজি সংযোজন এবং নতুন গ্রুপ সৃষ্টির মাধ্যমে প্রযোজ্য ক্ষেত্রে পলিটেকনিক ইনস্টিটিউট ও টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজসমূহে নতুন শিক্ষার্থী ভর্তির উদ্যোগ গ্রহণ করতে হবে। কর্ম অধিবেশনে গৃহীত সুপারিশের আলোকে চলতি শিক্ষাবর্ষে নতুন ২৫,৫০০ জন শিক্ষার্থী ভর্তি নিশ্চিত করতে হবে।

বাস্তবায়নে : মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।

২.২ কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন সকল পলিটেকনিক ইনস্টিটিউট ও টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজসমূহকে RTO ঘোষণার পাশাপাশি স্ব স্ব প্রতিষ্ঠানে RPL Center চালু করতে হবে।

বাস্তবায়নে : মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।

২.৩ কারিগরি শিক্ষা ক্ষেত্রে দক্ষতা বৃদ্ধির লক্ষে ২০১৬ সালে সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট হতে ৩০০ জন এবং টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ হতে ৩০০ জন শিক্ষককে প্রতিষ্ঠান সংলগ্ন এলাকার শিল্প প্রতিষ্ঠানে ১৫ (পনেরো) দিনের সংযুক্তি প্রদানের মাধ্যমে Teaching Learning Concept এর আওতায় প্রশিক্ষণ প্রদান নিশ্চিত করতে হবে।

বাস্তবায়নে : মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।

২.৪ জাতীয় দক্ষতা নীতি-২০১১ এর আলোকে NTVQF বাস্তবায়নের স্বার্থে ৩১ মে, ২০১৬ তারিখের মধ্যে কারিগরি শিক্ষা অধিদপ্তর এর ৪র্থ তলায় NTVQF Cell স্থাপন নিশ্চিত করতে হবে। অতঃপর NTVQF দ্রুত বাস্তবায়নের স্বার্থে কারিগরি শিক্ষা অধিদপ্তর এর ৮টি আঞ্চলিক কার্যালয়ে শাখা অফিস স্থাপন নিশ্চিত করতে হবে। কারিগরি শিক্ষা অধিদপ্তর এ বিষয়ে প্রয়োজনীয় লোকবল পদায়নের ব্যবস্থা গ্রহণ করবেন।


বাস্তবায়নে : মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।

২.৫ সকল পলিটেকনিক ইনস্টিটিউট ও টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজসমূহকে RTO হিসেবে ঘোষণার পাশাপাশি ২০১৬ সালে সকল প্রতিষ্ঠানে ন্যূনতম ৫ (পাঁচ) জন করে Accessor তৈরি এবং প্রতিষ্ঠানভিত্তিক ৫০০ জনকে RPL এর সনদায়ন নিশ্চিত করতে হবে।

বাস্তবায়নে : মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।

৩.০ কারিগরি শিক্ষার প্রচার, প্রসার ও উন্নয়নে উল্লিখিত সিদ্ধান্তসমূহ জরুরিভিত্তিতে বাস্তবায়ন নিশ্চিত করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, আগামী ৩০ জুন, ২০১৬ তারিখের মধ্যে গৃহীত কার্যক্রমের বিষয়ে মন্ত্রণালয়ে প্রতিবেদন দাখিল করতে অনুরোধ করা হলো।

৪.০ বিষয়টি অতীব জরুরি।



(সুবোধ চন্দ্র দালী)

উপ সচিব

ফোনঃ ৯৫৬৪৫৫২

ds\_tec2@moedu.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠাতাক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত সচিব), এন.এস.ডি.সি, সচিবালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি:

- ১। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(অফিস আদেশটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব (কারিগরি), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।